

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অধিশাখা-৭ (কলেজ-২)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৫.

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৪  
১৮ জুন ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব নাইমা আক্তার (৯০০), সহযোগী অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), সরকারি এম. এম. কলেজ, যশোর গত ২৮/০৮/২০১৫ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানা ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে জেলা প্রশাসক, ঢাকা এর মাধ্যমে স্থায়ী ঠিকানায় কারণ দর্শানো নোটিশ রিটার্ন দাখিল করার জন্য প্রেরণ করা হলে জেলা প্রশাসক জানান যে, অভিযুক্ত ব্যক্তির স্থায়ী ঠিকানায় না থাকায় নোটিশটি ফেরত আসে;

যেহেতু, জনাব নাইমা আক্তার এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধিমালার ৪(৩)(ডি) মোতাবেক "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করার উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পৌষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতিও সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব নাইমা আক্তার (৯০০), সহযোগী অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), সরকারি এম. এম. কলেজ, যশোরকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধিমালার ৪(৩)(ডি) মোতাবেক "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখঃ ১৪/০৬/২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৪  
১৮ জুন ২০১৭

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৫.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব নাইমা আক্তার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি এম. এম. কলেজ, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, যশোর।
- ৮। জনাব নাইমা আক্তার (৯০০), সহযোগী অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), সরকারি এম. এম. কলেজ, যশোর।

স্বাক্ষরিত/-  
১৭/৬/১৭  
(আবু কায়সার খান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৫৩২৭৬